নিশ্চয় তোমার মধ্যে দু'টি গুণ আছে, যা আল্লাহ পছন্দ করেন: সহিষ্ণুতা ও ধীর-স্থিরতা।

আব্দুল্লাহ ইবন আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে মারফু‘ সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “নিশ্চয় তোমার মধ্যে দু'টি
গুণ আছে, যা আল্লাহ পছন্দ করেন: সহিষ্ণুতা ও ধীর-স্থিরতা।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বনী আবদে কায়েস গোত্রের আশাজ্জকে বলেছেন, “নিশ্চয় তোমার মধ্যে দু'টি গুণ আছে, যা আল্লাহ ও তাঁর রাসূল পছন্দ করেন: সহিষ্ণুতা ও তাড়াহুড়ো না করা।” কারণ আশাজ্জ রাদিয়াল্লাহু আনহু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে তার সম্প্রদায়ের অন্যান্য লোকদের মতো তাড়াহুড়ো অবস্থায় গমন না করে জাতির স্বার্থ খেয়াল রেখে ধীর-স্থিরতা অবলম্বন করলেন আর তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে কথা বলার সময়ও সহিষ্ণুতার পরিচয় দেন। তার কথা- বার্তা প্রমাণ করছিল যে তিনি পরিপক্ক বিবেক-বিবেচনা ও ফলাফলের প্রতি গভীর দৃষ্টিপাতের গুণে গুণান্বিত ব্যক্তি।

https://sunnah.global/hadeeth/bn/show/5800